JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/5/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো রোচেস্টারে 10.4 মিলিয়ন মার্কিন ডলার মূল্যের অভূতপূর্ব সাশ্রয়ী আবাসন নির্মাণের ঘোষণা দেন

লিবার্টি ল্যান্ডিং এর ভেটেরান আউটরিচ সেন্টার (Veterans Outreach Center, VOC) ভেটেরান ও পরিবারগুলোর জন্য 33 টি সাশ্রয়ী ও সহায়ক বাড়ি প্রদান করবে।

এই বিনিয়োগ কমিউনিটিগুলোকে পুনরুজ্জীবিত করা এবং অর্থনীতিকে সমৃদ্ধ করার উদ্দেশ্যে অঞ্চলের বিস্তৃত কৌশল - 'ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward)' এর পরিপূরক

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রোচেস্টারে 10.4 মিলিয়ন ডলারের একটি সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট VOC লিবার্টি ল্যান্ডিং নির্মাণের ঘোষণা দেন যা ভেটেরান এবং পরিবারের জন্য 33 টি সাশ্রয়ী ও সহায়ক বাড়ি নির্মাণের ব্যবস্থা করবে যেখানে 10 টি প্রতিবন্ধী ভেটেরানদের জন্য সংরক্ষিত থাকবে। অধিবাসীদের তাদের কমিউনিটিতে থাকতে এবং স্বাধীনভাবে জীবনযাপন করতে সহায়তা প্রদানের জন্য উচ্চমানের সাশ্রয়ী আবাসন সুবিধা প্রদান করার মাধ্যমে VOC লিবার্টি ল্যান্ডিং-তে স্টেটের বিনিয়োগ ফিঙ্গার লেকস ফরোয়ার্ড এর পরিপূরকের কাজ করে।

"যারা আমাদের দেশ ও পরিবারকে প্রয়োজনের সময় সেবা দিয়েছে তাদের যেন বাড়ি হিসেবে একটি নিরাপদ ও স্বাস্থ্যকর বাসস্থান থাকে সেটি নিশ্চিত করতে আমরা দায়বদ্ধ", **গভর্নর কুওমো বলেন।** "এই সাশ্রয়ী ও সহায়ক আবাসন বিনিয়োগ আমাদের ভেটেরান এবং অন্যান্য নিউ ইয়র্কবাসীদের প্রতিষ্ঠালাভে সাহায্য করবে এবং ফিঙ্গার লেকসকে সামনে এগিয়ে নেয়ার বৃহত্তর পরিকল্পনার গুরুত্বপূর্ণ অংশ।"

"আমরা আমাদের ভেটেরানদের সেবাকে সম্মান জানাই এটি নিশ্চিত করার মাধ্যমে যে তাদের প্রয়োজনীয় সহায়তা তারা পাচ্ছেন, যার মধ্যে সাশ্রয়ী ও সহায়ক বাড়ির ব্যবস্থাও রয়েছে", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন, যিনি আজকের ঘোষণা করেছেন।** "রোচেস্টার শহরের VOC লিবার্টি ল্যান্ডিং এলাকার উন্নয়নে নির্মাণকাজ চালিয়ে যাচ্ছে এবং এটি সকল নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী আবাসন সুযোগ প্রদানে বিনিয়োগ করার স্টেটব্যাপী প্রতিশ্রুতির অংশ।"

অঞ্চলের জোরালো অর্থনৈতিক সমৃদ্ধি এবং কমিউনিটি ডেভেলপমেন্টের বিস্তৃত নকশা, "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর মধ্যে গভর্নর কুওমো এর কমিউনিটিকে শক্তিশালীকরণ এবং ফিঙ্গার লেকস এর অর্থনীতি সমৃদ্ধ করার প্রতিশ্রুতির প্রতিফলন পাওয়া যায়। 2011 সাল থেকে, HCR 442 মিলিয়ন

মার্কিন ডলার বিনিয়োগ করেছেন ফিঙ্গার লেকস অঞ্চলে যা একটি সাশ্রয়ী আবাসন তৈরি করেছে আনুমানিক 14,650 জন অধিবাসীর জন্য।

VOC লিবার্টি ল্যান্ডিং হচ্ছে ডাউনটাউনে রোচেস্টারের সেন্টার সিটি গ্রোভ প্লেস (Rochester's Center City Grove Place) এর কাছাকাছি সাবেক ওয়্যারহাউজের খালি জায়গায় চার তলা, শক্তি সাশ্রয়ী একটি নতুন ভবন নির্মাণ প্রকল্প।

ডেভেলপমেন্টের মধ্যে থাকবে এলাকার 60 শতাংশ মধ্যম আয়ের মানুষের জন্য সাশ্রয়ী ভাড়াবিশিষ্ট 27 টি একক-বেডরুম এবং ছয়টি ডবল-বেডরুমের অ্যাপার্টমেন্ট। চারটি অ্যাপার্টমেন্ট পুরোপুরিভাবে চলাচলে অক্ষম ব্যক্তিদের জন্য ব্যবহার করতে সুবিধা হয় এমনভাবে নকশা করা এবং দুটি এমনভাবে নকশা করা যেন দৃষ্টিশক্তিহীন অথবা শ্রবণশক্তিহীন ব্যক্তিরা ব্যবহার করতে পারেন।

VOC লিবার্টি ল্যান্ডিং এ থাকবে একটি এলিভেটর, কমিউনিটি এবং ব্যায়াম কক্ষ, লন্ড্রি সুবিধা, কম্পিউটার এরিয়া এবং আবাসিক স্টোরেজ স্পেস। ভেটেরান্স আউটরিচ সেন্টার ভেটেরানদের জন্য সহায়তা সেবা প্রদান করবে যেগুলোর মধ্যে রয়েছে সুবিধাদি এবং আর্থিক বিষয়ে পরামর্শ, চাকরি ও কাজের প্রশিক্ষণ এবং পিয়ার-টু-পিয়ার পর্যবেক্ষণ এবং স্বাস্থ্যসেবা সার্ভিস। ডেভেলপার হলো কনিফার, এলএলসি (Conifer, LLC)।

ডেভেলপমেন্টের স্থান একটি রোচেস্টার যাতায়াত ব্যবস্থার বাস স্টপ এর রাস্তার ঠিক বিপরীতে যার ফলে কাজের সুযোগ, ফার্মেসি, চাইল্ড কেয়ার সেন্টার এবং স্বাস্থ্যসেবা, ব্যাংকিং এবং ভেটেরানদের জন্য সার্ভিসগুলো সহজেই পাওয়া যাবে।

VOC লিবার্টি ল্যান্ডিং এর জন্য নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal, NYS HCR) অর্থায়নের মধ্যে থাকছে ফেডারেল নিম্ন-আয় আবাসন কর ক্রেডিট (Federal Low Income Housing Tax Credits) যা ইক্যুইটিতে মোট 5.3 মিলিয়ন মার্কিন ডলার এবং ভর্তুকিতে 3.3 মিলিয়ন মার্কিন ডলার উৎপাদন করেছে। ভাড়া সহায়তা এবং সহায়ক সেবার জন্য অনুদান এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ (Empire State Supportive Housing Initiative) এর মাধ্যমে স্টেটের অফিস অব টেম্পোরারি এন্ড ডিসেবিলিটি অ্যাসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA) কর্তৃক প্রদান করা হবে। অতিরিক্ত অর্থায়ন সিটি অব রোচেস্টার হোম ফান্ড (City of Rochester HOME funds) এবং ফেডারেল হোম লোন ব্যাঙ্ক (Federal Home Loan Bank) কর্তৃক প্রদান করা হবে।

সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সাশ্রয়ী আবাসন ব্যবস্থা করার জন্য গভর্নরের যে অঙ্গীকার তা স্টেটের এই অভূতপূর্ব 20 বিলিয়ন মার্কিন ডলার মূল্যের পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনায় (Housing Plan) প্রতিফলিত হয়। এই পরিকল্পনা আবাসন সহজলভ্য করে এবং গৃহহীনতার সাথে লড়াই করে 100,000 টি সাশ্রয়ী গৃহ ও 6,000 টি সহায়ক পরিষেবা তৈরি করার বা সংরক্ষণ করার মাধ্যমে। এই প্ল্যানটি পুরো স্টেটের আবাসনের সমস্যা সমাধানের জন্য একটি

পূর্ণাঙ্গ পদ্ধতি এবং এতে একক ও যৌথ পরিবারের আবাসন এবং কমিউনিটির উন্নয়ন অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট হোমস এবং কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেছেন, "VOC লিবার্টি ল্যান্ডিং ভেটেরানদের সহ 33 টি পরিবারকে সাশ্রয়ী বাড়ি প্রদান করবে যাতে বাসিন্দাগণ তাদের ভালোবাসার কমিউনিটিতে স্বাধীনভাবে বাস করতে পারেন। আমরা এই ব্যক্তিদের সহায়তা করতে পেরে গর্বিত যারা আমাদের দেশের সেবা করেছেন এবং আমাদের জন্য অনেক ত্যাগ স্বীকার করেছেন। যখন আমরা সকল নিউ ইয়র্কবাসীর জন্য নিরাপদ, সুরক্ষিত বাড়ির সুযোগ প্রসারিত করছি, এর ফলে আমরা আমাদের অর্থনীতিকে শক্তিশালী করছি এবং ফিঙ্গার লেকস অঞ্চলের সামনে এগিয়ে যাওয়া অব্যাহত রাখছি।"

স্টেট অফিস অব টেম্পোরারি এন্ড ডিসেবিলিটি অ্যাসিস্টেন্স এর ভারপ্রাপ্ত কমিশনার মাইক হেইন বলেন, "সহায়ক আবাসন স্টেটজুড়ে গৃহহীনতা প্রতিরোধে আমাদের প্রচেষ্টায় এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। লিবার্টি ল্যান্ডিং এ ভেটেরান আউটরিচ সেন্টারের মত প্রকল্পগুলো সাশ্রয়ী ভাড়ার সাথে সহায়ক সেবা এবং কাজের সুযোগের সমন্বয় সাধন করে - যার সবগুলো গৃহহীন অবস্থায় থাকা ভেটেরানদের জীবনে স্থিরতা আনতে সাহায্য করতে পারে। গভর্নর কুওমো এর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট যারা আমাদের দেশের সেবা করেছেন তাদের জন্য নতুন সুযোগ প্রদান করা এবং আমাদের কমিউনিটিগুলোতে গৃহহীনতা সমস্যা মোকাবেলায় প্রকৃত সমাধানে বিনিয়োগ অব্যাহত রেখেছে।"

সেনেটর জোসেফ রোবাক বলেন, "আমি ভেটেরান আউটরিচ সেন্টার এবং আমার সরকারি অংশীদারদের সাথে এই অভিনব অংশীদারিত্ব অর্থাৎ VOC লিবার্টি ল্যান্ডিং এর উদযাপন উপলক্ষে একত্রিত হওয়া নিয়ে উদ্দীপিত। আমাদের দেশ ও কমিউনিটির জন্য আমাদের ভেটেরানগণ অনেক বেশি অবদান রেখেছেন, এই প্রকল্প এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে তাদের যেন সার্ভিস শেষে বাস করার একটি নিরাপদ, সাশ্রয়ী বাসস্থান থাকে। আমি গ্র্যান্ড ওপেনিং এর জন্য ফিরে আসার অপেক্ষায় আছি এবং প্রকল্পটি সম্পূর্ণ হতে দেখার আশায় আছি।"

এসেম্বলি সদস্য হ্যারি বি. ব্রনসন বলেন, "আমাদের ভেটেরানগণ আমাদের পাশে থেকেছেন এবং আমাদের কমিউনিটির অবশ্যই সর্বদা আমাদের ভেটেরানদের পাশে থাকতে হবে। লিবার্টি ল্যান্ডিং গৃহহীনতা প্রতিরোধে এবং আমাদের দেশের সেবায় যারা নিয়োজিত থেকেছেন তাদের একটি মানসম্মত জীবনযাত্রার ব্যবস্থা করে দেয়ার উদ্দেশ্যে আমাদের প্রয়োজনীয় সাশ্রয়ী ও সুলভ আবাসন তৈরি করবে। আমি ভেটেরান আউটরিচ সেন্টারকে আমাদের ভেটেরান কমিউনিটির জন্য করা তাদের সকল কাজের জন্য এবং সেই সাথে নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়ালকে এই গুরুত্বপূর্ণ প্রকল্পে অংশীদার হওয়ার জন্য প্রশংসা করছি।"

মনরো কাউন্টি এক্সিকিউটিভ শেরিল ডিনল্ফো বলেন, "VA দাবি পেশ করা, চাকরি, পিয়ার সাপোর্ট বা আবাসন যাই হোক না কেন মনরো কাউন্টি VOC এর মতো অংশীদারদের পাশে নিয়ে আমাদের ভেটেরানদের সহায়তায় প্রস্তুত। লিবার্টি ল্যান্ডিং এ বাস করবেন এমন ভেটেরানদের সেবায় VOC এর সাথে পাশাপাশি কাজ করতে পেরে আমরা গর্বিত এবং আমরা এই অবিশ্বাস্য প্রকল্প সম্পূর্ণ হওয়ার প্রতীক্ষায় আছি।"

রোচেস্টারের মেয়র লাভলি ওয়ারেন বলেন, "VOC লিবার্টি ল্যান্ডিং আমাদের ভেটেরানগণ যারা এই দেশের জন্য অনেক বেশি ত্যাগ স্বীকার করেছে তাদের আমাদের কমিউনিটিতে উন্নতি লাভ করার মত রিসোর্স রয়েছে এটি নিশ্চিত করার ভিত্তি প্রদান করে। রোচেস্টার সিটিতে এই প্রকল্পে যে সহায়তা প্রদান করেছে তার জন্য আমি গর্বিত। আমি কনিফার রিয়্যালিটি এবং ভেটেরান্স আউটরিচ সেন্টার এর প্রতি VOC লিবার্টি ল্যান্ডিং কে আমাদের শহরে নিয়ে আসার জন্য ধন্যবাদ দিতে চাই। এবং আমি ধন্যবাদ জানাতে চাই নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল, অফিস অব টেম্পোরারি এন্ড ডিসেবিলিটি অ্যাসিসটেন্স এবং এম্পায়ার স্টেট সাপোর্টিভ হাউজিং ইনিশিয়েটিভ সহ সেইসব এজেন্সিগুলোকে যারা এই প্রকল্পে সহায়তা করছেন।"

ভেটেরান আউটরিচ সেন্টার এর এক্সিকিউটিভ ডিরেক্টর লরা স্ট্র্যাডলি বলেন, "আমি নিউ ইয়র্ক স্টেট এবং কনিফার এলএলসি এর সহায়তায় এই চমৎকার প্রকল্পটি শুরু করতে পেরে উদ্দীপিত। VOC লিবার্টি ল্যান্ডিং ভেটেরান কমিউনিটির জন্য একটি চমৎকার সম্পদ হবে এবং ভেটেরানদের ও তাদের পরিবারের জন্য সাশ্রয়ী ও আকর্ষণীয় আবাসনের ব্যবস্থা করার মাধ্যমে এক গুরুতর শূন্যতা পূরণ করছে। অন-সাইট সহায়ক সেবাগুলো VOC-তে আমাদের প্রদান করা বিস্তৃত পরিসরের সুবিধাগুলো যাদের প্রয়োজন তাদের জন্য এক অনন্য সুযোগ হবে। এই প্রকল্পকে বাস্তবে রূপদান করতে পারার মতো এমন চমৎকার ভিশনারি এবং সহানুভূতির সাথে ভেটেরানদের সেবা করার এবং আমাদের দেশের ইউনিফর্ম পরিধানকারী সকলের সমর্থনে কাজ করার আমাদের মিশনের সাথে সরাসরি সংশ্লিষ্ট এমন প্রকল্প পেয়ে আমরা ভাগ্যবান।"

কনিফার এর চেয়ারম্যান এবং প্রধান নির্বাহী কর্মকর্তা টিমোথি ডি. ফুরনিয়ার বলেন, "আমাদের ভেটেরানদের জন্য নিরাপদ, শালীন, সাশ্রয়ী আবাসন প্রদানের জন্য গত পাঁচ বছর ধরে ভেটেরান আউটরিচ সেন্টারের সাথে অংশীদার হিসেবে কাজ করতে পেরে আমরা আনন্দিত বোধ করছি। আমরা বিশ্বাস করি আমাদের আদর্শে একতা আছে এবং একসাথে এখানে লিবার্টি ল্যান্ডিং এ 'সম্ভাবনার এক বাসস্থান' প্রদান করে, মানুষের প্রাত্যহিক জীবনে ইতিবাচক প্রভাব রাখতে আমরা প্রতিশ্রুতিবদ্ধ।"

ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করা

আজকের ঘোষণা "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরক, এই এলাকায় ব্যাপক অর্থনৈতিক এবং সামাজিক উন্নয়নের একটি সম্পূর্ণ ব্লুপ্রিন্ট। স্টেট এই অঞ্চলে 2012 সাল থেকে এই পরিকল্পনার জন্য বুনিয়াদী কাজের পিছনে ইতোমধ্যেই 6.1 বিলিয়নের বেশি মার্কিন ডলার বিনিয়োগ করেছে - ফটোনিক্স, কৃষি ও খাদ্য উৎপাদন এবং উন্নত নির্মাণ কার্যের মতো মূল শিল্পগুলি এই বিনিয়োগের অন্তর্ভুক্ত। বর্তমানে, মহা মন্দার (Great Recession) পর থেকে বেকারত্ব সবচেয়ে কম হয়েছে; ব্যক্তিগত এবং কর্পোরেট আয়কর কমেছে এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলি উন্নতি ও বিনিয়োগ করার জন্য রোচেস্টার, বাটাভিয়া এবং কানানডাইগুয়ার মতো জায়গা বেছে নিচ্ছে।

বর্তমানে, অঞ্চলটি 500 মিলিয়ন মার্কিন ডলারের স্টেট বিনিয়োগের সাহায্যে এখন ফিঙ্গার লেকস ফরোয়ার্ডকে ত্বরান্বিত করছে যা প্রদান করা হয়েছে আপস্টেট রিভাইটেলাইজেশন ইনিশিয়েটিভের

(Upstate Revitalization Initiative) মাধ্যমে, যা গভর্নর কুওমো ডিসেম্বর 2015 এ ঘোষণা করেছেন। স্টেটের এই 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করার জন্য ব্যক্তিগত ব্যবসায়ীদের উদ্দীপনা দেবে - এবং অঞ্চলের জমাকৃত পরিকল্পনা অনুযায়ী আশা করা হচ্ছে যে 8,200 এরও নতুন বেশি কর্মসংস্থান তৈরি হবে। আরও তথ্য এখানে পাওয়া যাবে এখানে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন